# কার্নিভালে অংশগ্রহণ করায় পুরস্কার

সুজিত দত্ত, বর্ধমান, ১ নভেম্বর ঃ দ্বাদশীর দিন জামালপুর ১পঞ্চায়েতের উদ্যোগে ও পঞ্চায়েত সমিতির সহায়তায় যে বর্ণাঢ্য দুর্গোৎসব কার্নিভাল অনুষ্ঠিত হয়েছিল, তাতে অংশগ্রহনকারী পুজো কমিটিগুলিকে পুরস্কৃত করা হল বুধবার। এদিন জামালপুর-১ পঞ্চায়েতের মিটিং হল থেকে কার্নিভালে অংশগ্রহণকারী ছটি পূজা কমিটিকে পুরস্কৃত করা হল। এই অনুষ্ঠান উপলক্ষে উপস্থিত ছিলেন জামালপুরের বিধায়ক অলোক কুমার মাঝি,পঞ্চায়েত সমিতির সভাপতি পূর্ণিমা মালিক, পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খান, দুই জয়েন্ট বিডিও অরিন্দম জানা ও রুদ্রেন্দু নন্দী, জামালপুর থানার এসআই নিমাই ঘোষ, এসআই শরীফ হোসেন, জামালপুর ১ পঞ্চায়েতের প্রধান ডলি নন্দী এবং এই কার্নিভালের মূল উদ্যোক্তা তথা ওই পঞ্চায়েতের উপপ্রধান সাহাবুদ্দিন মন্ডল ওরফে পাঞ্জাব সহ অন্যান্যরা। পুরস্কার স্বরূপ প্রত্যেক কমিটিকে দশ হাজার টাকার চেক প্রদান করা হয় বিধায়ক অলোক কুমার মাঝির পক্ষ থেকে। সুসজ্জিত ট্যাবলো ও বিভিন্ন অনুষ্ঠান পরিবেশন করে কার্নিভালটিকে সাফল্যমন্ডিত করার জন্য জামালপুরের বিধায়ক, জামালপুর পঞ্চায়েত সমিতি, জামালপুর থানা এবং জামালপুর ১ পঞ্চায়েতের পক্ষ থেকে আলাদা আলাদাভাবে সুদৃশ্য ট্রফি প্রদান করা হয়। পুরস্কৃত হয়ে আপ্লুত পুজো কমিটিগুলির সদস্য-সদস্যারা। তারা প্রত্যেকেই আগামী বছর আরও ভালো ভাবে এই কার্নিভালে অংশগ্রহণ করবেন বলে জানান। বিধায়ক অলোক কুমার মাঝি জানান, মাত্র ৫-৬ দিনের উদ্যোগে এত সুন্দর কার্নিভাল করা সম্ভব হয়েছে। আগামী বছর প্রায় মাস খানেক আগে থেকেই এই কার্নিভালের প্রস্তুতি ও পরিকল্পনা নেওয়া হবে। জামালপুর ব্লকের প্রচুর পুজোকমিটি আগামী বছর কার্নিভালে অংশগ্রহন করার ইচ্ছা প্রকাশ করেছে। তাই আগামী বছর আরও ভাল কার্নিভাল হবে বলে জানিয়েছেন বিধায়ক। পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খান উপপ্রধান সাহাবুদ্দিনের উদ্যোগের প্রশংসা করার পাশাপাশি জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে জামালপুরবাসীর একত্রিত হয়ে কার্নিভালকে সাফল্যমন্ডিত করার জন্য তাদের ধন্যবাদ জানান। জামালপুরের উপপ্রধান সাহাবুদ্দিন মন্ডল জানান, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যা করেন সেটাই নজির হয়ে যায়। তার দেখানো পথেই এই কার্নিভালের আয়োজন করা হয়েছে। তিনি বিধায়ক অলোক কুমার মাঝি, পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খান, পঞ্চায়েত সমিতি ও তাঁর পঞ্চায়েতের সকল কর্মী ও সর্বোপরি পুজো কমিটিগুলোর পূর্ন সহযোগিতায় এই কার্নিভাল করতে পারার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। আগামী বছর আরও ভালো কার্নিভাল তিনি জামালপুরবাসীকে উপহার দেবেন বলে জানান সাহাবুদ্দিনবাবু।

# বেতন আটকে গেল এমটিএস কর্মীদের

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ১ নভেম্বর ঃ ফের বিতর্ক! শান্তিনিকেতনে ধর্ণার মাঝে আরেক বিতর্ক দানা বেঁধেছে। অভিযোগ, এমটিএস কর্মীদের বেতন আটকে প্রতিশোধ নিতে চাইছেন উপাচার্য। আর তাতেই শুরু নয়া বিতর্ক। রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ বিভিন্ন দফতরে চিঠি দিয়ে বিশ্বভারতীর এমটিএস কর্মীরা বলেন, উপাচার্যর মেয়াদ বৃদ্ধির দাবিতে তাদের মিছিলে হাঁটানোর জন্য চাপ সৃষ্টি করা হচ্ছে। সেই চিঠি ই-মেইল মারফত পাঠানোর প্রেক্ষিতে এমটিএস কর্মীদের অক্টোবরের মাইনে আটকানো হয়েছে। যা সংবিধান বিরোধী কাজ। অথচ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সবার মাইনে হয়ে গেছে। এরকম প্রতিশোধমূলক আচরণ আগেও করা হয়েছে বলে এমটিএসের তরফে দাবি করা হয়। এব্যাপারে ফের ই-মেইল মারফৎ কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানকে চিঠি দেওয়া হয়। সেখানে বলা হয় সেপ্টেম্বরের মাঝামাঝি থেকে তাদের বেতন পাওনা। তাদের দাবি, আগে বলা হয়েছিল সেপ্টেম্বরের যে'কটা দিন কাজ হয়েছে সেটা হিসেব করে সব মিটিয়ে দেবেন। এখন তাদের আশঙ্কা প্রতিশোধ নিতেই তাদের প্রতি এমন আচরণ করা হচ্ছে। যেহেতু প্রস্তাবিত নভেম্বরের প্রথম সপ্তাহে তাঁরা উপাচার্যর সমর্থনে মিছিলে হাঁটবেন না, তাই এই শাস্তি। এমটিএস কর্মীদের যুক্তি, এভাবে জোর করে কারো সমর্থনে মিছিলে হাঁটানো যায় না। আর তারা তা মানতে বাধ্য নয়। এছাড়াও উপাচার্যর উপরে মানুষ বিভিন্ন কারণে ক্ষিপ্ত। তাই মিছিলে হাঁটলে, তাদের বিপদ হতে পারে। এদিনের ধর্ণামঞ্চে বেশি উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের নেতা-কর্মীরা। এই ফলক বদলের দাবিতে সোচ্চার হয়ে শান্তিনিকেতনে আন্দোলন পঞ্চম দিনে পড়লো। এদিনের আন্দোলনে সামিল হন সিউড়ী বিধায়ক বিকাশ রায়চৌধুরী, গগন সরকার, ময়ুরেশ্বরের ধীরেন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান প্রলয় নায়েক, বিশ্বভারতী তৃণমূল কংগ্রেসের ছাত্রছাত্রী ইউনিটের সভানেত্রী মীনাক্ষী ভট্টাচার্য প্রমুখ।

# চাকরির প্রতারণা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ নভেম্বর ঃ চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগ উঠল উত্তরকন্যায় কর্মরত দুই নিরাপত্তারক্ষীর বিরুদ্ধে। অভিযুক্তরা হল মইনুল রহমান ও বিষ্ণুপদ গুপ্ত। এরা দু'জনই ফুলবাড়ির বাসিন্দা। ইতিমধ্যেই বিষ্ণুপদ গুপ্তকে ধরেছে পুলিশ। মূল অভিযুক্তের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ। জানা গিয়েছে, অভিযুক্তরা দীর্ঘদিন ধরেই উত্তরকন্যায় নিরাপত্তা রক্ষীর কাজ করছে। অভিযোগ, শিলিগুড়ির একটি নার্সিংহোমে চাকরি দেওয়ার নামে জলপাইগুড়ির তিন যুবতীর কাছ থেকে টাকা নেয় মইনুল রহমান। এরপর বুধবার ওই যুবতীদের বিষ্ণুপদ গুপ্তকে সঙ্গে নিয়ে উত্তরকন্যায় গিয়ে তার সঙ্গে দেখা করার কথা বলে। কিন্তু সেখানে পৌঁছে মইনুল রহমানের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করলে তার সঙ্গে যোগাযোগ করতে পারেনি যুবতীরা। এরপরই তাদের সন্দেহ হলে তারা বিষয়টি উত্তরকন্যার আধিকারিকদের জানান। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় পুলিশে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বিষ্ণুপদ গুপ্তকে আটক করে। অন্যদিকে পলাতক রয়েছে মূল অভিযুক্ত মইনুল রহমান। তার খোঁজে বিভিন্ন জায়গায় তল্লাশি শুরু করেছে এনজেপি থানার পুলিশ।

# সাংবাদিক সম্বর্ধনা

দুরন্ত বার্তা, বর্ধমান, ১ নভেম্বর ঃ পূর্ব বর্ধমানের জামালপুরে জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে দলীয় নির্দেশে সাংবাদিকদের সম্বর্ধনা প্রদান ও একটি সাংবাদিক সম্মেলন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক অলোক কুমার মাঝি, ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি মেহেমুদ খান, পঞ্চায়েত সমিতির সভাপতি পূর্ণিমা মালিক, সহ সভাপতি ভূতনাথ মালিক, শ্রমিক সংগঠনের ব্লক সভাপতি তাবারক আলী মন্ডল। ব্লক তৃণমূলের পক্ষ থেকে এদিন ৬ জন সাংবাদিককে সংবর্ধিত করা হয়। সকলের হাতে সুন্দর মা দুর্গার একটি মোমেন্টো, উত্তরীয়, ফুলের তোড়া, একটি জলের বোতল ও একটি পেন তুলে দেওয়া হয়।

**E-Tender Notice**

Online bids are invited for the year 2023-24 from the bonafide contractors for listed work under 15th FC (Tide & Untide) in respect of **NIT No 893/SUSU/2023, 894/SUSU/2023, dated 31/10/2023.** Last date of paper Submission on **08/11/2023** for details information contact to the undersigned.

**Sd/- Pradhan**
**Susunia Gram Panchayet**

# আলিপুরদুয়ার জেলাজুড়ে ধান কেনার প্রক্রিয়া শুরু

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১ নভেম্বর ঃ আলিপুরদুয়ার জেলাজুড়ে বিভিন্ন এলাকায় সরকারি সহায়ক মূল্যে কৃষকদের থেকে ধান কেনার প্রক্রিয়া শুরু হলো। এদিন বিভিন্ন এলাকায় কৃষকদের নাম নথিভুক্ত করা শুরু হয়। ফালাকাটার কৃষক বাজারে সরকারি সহায়ক মূল্যে ধান বিক্রি করবার জন্য ফালাকাটা ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে কৃষকরা এসে তাদের নাম নথিভুক্ত করে সময় নিয়ে যাচ্ছেন। প্রশাসন সূত্রে জানানো হয়েছে বিঘা প্রতি ছয় কুইন্টাল করে কৃষকদের থেকে ধান কিনবে সরকার, যে সকল কৃষকদের কৃষকবন্ধু কার্ড রয়েছে তাদের নাম আগে নথিভুক্ত করা হবে। এরপর যে সকল কৃষকদের কৃষক বন্ধু নেই তারা ব্লক অফিসে গিয়ে বিডিওর থেকে তাদের শনাক্তকরণ শংসাপত্র নিয়ে এলেই তাদের নাম নথিভুক্ত করা হবে পোঁটালে। আধার কার্ড, ভোটার কার্ড, কৃষক বন্ধু কার্ড এবং ব্যাঙ্কের অ্যাকাউন্ট এই সকল তথ্য লাগছে এবং কৃষকরা সময় নিয়ে যাচ্ছেন যে কবে তারা ধান নিয়ে আসবেন। ফালাকাটার কৃষকরা জানান, ধান এখনও সে রকম ভাবে পাকেনি। কালী পুজোর আরও ১০-১৫ দিন পর থেকেই ধান কাটা শুরু হবে, তারপর বিক্রয় কেন্দ্রে নিয়ে আসা হবে।

**পূর্ব রেলওয়ে**

**নং. সিওএম/ই-অকশন/এইচআরডব্লিউএইচ/২০২২ তারিখঃ ৩১.১০.২০২৩।** সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, ৪ম তল, যাত্রী নিবাস, হাওড়া স্টেশনের কাছে, হাওড়া-৭১১১০১ কর্তৃক হাওড়া ডিভিশনে পার্কিং লট পরিচালনার জন্য চুক্তি প্রদানের জন্য ই-অকশন আহ্বান করা হচ্ছে। আরও বিশদ বিবরণ এবং ই-অকশনে অংশগ্রহণের জন্য অনুগ্রহ করে ই-অকশন নিউজ বুলিটেন-এর মাধ্যমে **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখুন। **অকশন ক্যাটালগ নং. এইচআরডব্লিউএইচ-২৪-আরওএ-ক্রম নং., লট নং/ক্যাটাগরী এবং স্টেশনের নাম নিম্নরূপঃ-** ১. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এমএলটি-টিডব্লিউ-১৮-২২-১ (পার্কিং-টু হুইলার), ময়ূরপুর; ২. পার্কিং-এইচআরডব্লিউএইচ-জেআরএই-টিডব্লিউ-১২১-২২-১ (পার্কিং-টু হুইলার), জেঠিয়া; ৩. পার্কিং-এইচআরডব্লিউএইচ-আরআইএস-টিডব্লিউ-২০৩-২২-২ (পার্কিং-টু হুইলার), বিষড়া; ৪. পার্কিং-এইচআরডব্লিউএইচ-পিএনই-টিডব্লিউ-২২৫-২৩-১ (পার্কিং-টু হুইলার), প্রতিক্ষি; ৫. পার্কিং-এইচআরডব্লিউএইচ-কেডব্লিউএই-টিডব্লিউ-২২-২৩-১ (পার্কিং-টু হুইলার), কাটোয়া; ৬. পার্কিং-এইচআরডব্লিউএইচ-কেএএন-টিডব্লিউ-১৩৬-২২-১ (পার্কিং-টু হুইলার), খানা; ৭. পার্কিং-এইচআরডব্লিউএইচ-কেপিএলই-টিডব্লিউ-১৬-২৩-১ (পার্কিং-টু হুইলার), কোপাই; ৮. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এজিএই-টিডব্লিউ-১৭-২৩-১ (পার্কিং-টু হুইলার), অজাইপুর; ৯. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এসএএই-টিডব্লিউ-৮০-২২-২ (পার্কিং-টু হুইলার), সালার; ১০. পার্কিং-এইচআরডব্লিউএইচ-জিএজিটি-টিডব্লিউ-৬৬-২৩-১ (পার্কিং-টু হুইলার), গোঘাট; ১১. পার্কিং-এইচআরডব্লিউএইচ-সিটিআর-টিডব্লিউ-২১৬-২২-১ (পার্কিং-টু হুইলার), হাওড়া; ১২. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এসসিএই-টিডব্লিউ-৫৫-২২-২ (পার্কিং-টু হুইলার), লালবাগ কোর্ট; ১৩. পার্কিং-এইচআরডব্লিউএইচ-কেএএন-টিডব্লিউ-২১০-২২-১ (পার্কিং-টু হুইলার), খানা; ১৪. পার্কিং-এইচআরডব্লিউএইচ-বিডিএইচ-টিডব্লিউ-২১১-২৩-১ (পার্কিং-টু হুইলার), জেলিয়া; ১৫. পার্কিং-এইচআরডব্লিউএইচ-ডিএসপিআর-টিডব্লিউ-৫৭-২২-১ (পার্কিং-টু হুইলার), বিষ্ণুপ্রিয়া হল্ট; ১৬. পার্কিং-এইচআরডব্লিউএইচ-জিজিএই-টিডব্লিউ-৫২-২২-১ (পার্কিং-টু হুইলার), গঙ্গাটিকুরি; ১৭. পার্কিং-এইচআরডব্লিউএইচ-ডিএমএলই-টিডব্লিউ-৮৫-২২-১ (পার্কিং-টু হুইলার), ডুমুরজলা; ১৮. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এসআইজেড-এমএক্স-২২৭-২২-১ (পার্কিং-মিশ্র), শ্রীখণ্ড; ১৯. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এসিসিএইচ-এমএক্স-৭৭-২২-১ (পার্কিং-মিশ্র), নবগ্রাম কাঁকুড়হাটী; ২০. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এসএএই-এমএক্স-৫৩-২২-২ (পার্কিং-মিশ্র), সালার; ২১. পার্কিং-এইচআরডব্লিউএইচ-বিটিআরএইচ-এমএক্স-৬৩-২২-১ (পার্কিং-মিশ্র), আতাই; ২২. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এএমবিজি-এমএক্স-২০০-২২-১ (পার্কিং-মিশ্র), আরামবাগ; ২৩. পার্কিং- এইচআরডব্লিউএইচ-কেএলএসএম-এমএক্স-৭৬-২২-১ (পার্কিং-মিশ্র), কর্ণসুবর্ণ; ২৪. পার্কিং-এইচআরডব্লিউএইচ- এসএএনই-আরএলপ্ল-৩১-২২-২ (পার্কিং- থ্রি হুইলার), সালার; **অকশন শুরুর তারিখ ও সময়ঃ ১৩.১১.২০২৩ বেলা ১১ টায়। অকশন ক্যাটালগ নং পার্ক-এইচআরডব্লিউএইচ-আর-২ ক্রম নং., লট নং/ ক্যাটাগরী এবং স্টেশনের নাম নিম্নরূপঃ-** ১. পার্কিং-এইচআরডব্লিউএইচ-ডিটিই-টিডব্লিউ-২৪৪-২৩-১ (পার্কিং-টু হুইলার), দাঁইহাট; ২. পার্কিং-এইচআরডব্লিউএইচ-এসএমই-টিডব্লিউ-২৪৩-২৩-১ (পার্কিং-টু হুইলার), সমুদ্রগড়; **অকশন শুরুর তারিখ ও সময়ঃ ১৪.১১.২০২৩ বেলা ১১ টায়।** HWH-329/2023-24

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন : @EasternRailway @easternrailwayheadquarter

**পূর্ব রেলওয়ে**

**বিশদ টেন্ডার নং ১০৫৪৪৪